
# MP Babul’s explanation in protest against news published on the cost of inspection rooms

**Neon Dulal, Lalmonirhat::** A protest and explanation has been given for news published in several media outlets regarding the cost of the inspection room of Md. Rokon Uddin Babul, Member of Parliament for Lalmonirhat-2 (Aditmari-Kaliganj) constituency.

A press release published on the MP’s verified Facebook page on Wednesday (July 22) claimed that the news was misleading, incomplete and purposeful.

The press release said that the allocation of 6 lakh taka is not the only source of funds for the establishment or renovation of the inspection room in the Upazila Parishad. According to the government directive dated April 21, 2026 of the Local Government Department, such development expenses can also be met from the ADP of the Upazila administration, the revenue sector or other legitimate sources. Accordingly, it is claimed that the renovation and development activities of the inspection room of Aditmari Upazila Parishad have been completed following government rules and regulations.



রোকন উদ্দিন বাবুল

10h ·

প্রেস রিলিজ... See more

Office of the Member of Parliament

17 Lalmonirhat-2

+8801347061426, 01347061427

২১.০৭.২৬

**প্রেস রিলিজ**

**পরিদর্শন কক্ষ সংক্রান্ত বিভ্রান্তিকর ও উদ্দেশ্য প্রণোদিত সংবাদ প্রকাশের প্রতিবাদ**

সম্প্রতি একটি জাতীয় দৈনিকে "সরকারি বরাদ্দ ৬ লাখ হলেও পরিদর্শন কক্ষ সাজাতে ১৬ লাখ ব্যয় করলেন এমপি" শিরোনামে প্রকাশিত সংবাদটি আমাদের দৃষ্টিগোচর হয়েছে। সংবাদে প্রকাশিত তথ্যের উল্লেখযোগ্য অংশ বাস্তবতা, সরকারি নথিপত্র এবং প্রকৃত ঘটনার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ, বিভ্রান্তিকর ও উদ্দেশ্য প্রণোদিত।

প্রথমত, সংবাদে এমন ধারণা দেওয়ার চেষ্টা করা হয়েছে যেন সরকারি বরাদ্দের বাইরে অতিরিক্ত অর্থ ব্যয় করা কোনো অনিয়ম। অথচ স্থানীয় সরকার বিভাগের উপসচিব জনাব জিয়াউর রহমান স্বাক্ষরিত ২১ এপ্রিল ২০২৬ তারিখের সরকারি নির্দেশনায় স্পষ্টভাবে বলা হয়েছে যে, উপজেলা পরিষদে "পরিদর্শন কক্ষ" স্থাপন বা সংস্কারের ব্যয় উপজেলা প্রশাসনের এডিপি, রাজস্ব খাত অথবা অন্য বৈধ উৎস থেকে নির্বাহ করা যাবে। ফলে আদিতমারী উপজেলা পরিষদের পরিদর্শন কক্ষের উন্নয়ন ও সংস্কারে এডিপি তহবিল থেকে অর্থ বরাদ্দ সম্পূর্ণরূপে সরকারি নির্দেশনার আলোকে এবং বিধিসম্মতভাবে সম্পন্ন হয়েছে।

দ্বিতীয়ত, সংবাদে ব্যবহৃত ছবিটি আদিতমারী উপজেলা পরিষদের পরিদর্শন কক্ষের নয়। প্রকৃতপক্ষে ছবিটি মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ রোকন উদ্দিন বাবুল এমপি মহোদয়ের ব্যক্তিগত বাসভবনে তোলা। পরিদর্শন কক্ষের পরিবর্তে অন্য স্থানের ছবি ব্যবহার করে সংবাদ পরিবেশন করা সাংবাদিকতার ন্যূনতম পেশাগত মানদণ্ড ও তথ্য যাচাইয়ের নীতির পরিপন্থী।

তৃতীয়ত, পরিদর্শন কক্ষে ব্যবহৃত আসবাবপত্র দেশের একটি স্বনামধন্য ও প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের সরবরাহকৃত, যার মূল্য সারা দেশে একই মান ও বাজারদরে নির্ধারিত। এসব আসবাবপত্র ক্রয় ও স্থাপন সংশ্লিষ্ট বিধি-বিধান, অনুমোদিত প্রাক্কলন এবং প্রশাসনিক প্রক্রিয়া অনুসরণ করেই সম্পন্ন হয়েছে। এ বিষয়ে কোনো তথ্য যাচাই ছাড়াই অতিরঞ্জিত ও বিভ্রান্তিকর মন্তব্য সংযুক্ত করা হয়েছে। সবচেয়ে দুঃখজনক বিষয় হলো, সংবাদে "আত্মসাৎ" ও "অনিয়ম" ধরনের গুরুতর অভিযোগের ইঙ্গিত দেওয়া হলেও এর পক্ষে কোনো সরকারি তদন্ত প্রতিবেদন, নিরীক্ষা প্রতিবেদন, দুদকের অনুসন্ধান, কিংবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোনো পর্যবেক্ষণ উপস্থাপন করা হয়নি। কেবলমাত্র কিছু অস্পষ্ট অভিযোগকে ভিত্তি করে একটি দায়িত্বশীল গণমাধ্যমে এমন সংবাদ প্রকাশ করা বস্তুনিষ্ঠ সাংবাদিকতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

আমরা সংশ্লিষ্ট গণমাধ্যমের প্রতি আহ্বান জানাই, তারা যেন প্রকৃত তথ্য, সরকারি প্রজ্ঞাপন, অনুমোদিত নথিপত্র এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য যাচাই করে সংবাদ প্রকাশ করে। একই সঙ্গে প্রকাশিত বিভ্রান্তিকর তথ্যের বিষয়ে প্রয়োজনীয় সংশোধনী প্রকাশের জন্যও অনুরোধ জানাচ্ছি। লালমনিরহাট-২ (আদিতমারী-কালীগঞ্জ) আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ রোকন উদ্দিন বাবুল এমপি জনগণ এবং গণমাধ্যমকে কোনো ধরনের অপপ্রচার, গুজব বা বিভ্রান্তিকর তথ্য দ্বারা প্রভাবিত না হয়ে প্রকৃত তথ্য যাচাই করার আহ্বান জানিয়েছেন। তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন যে, সত্য তথ্য ও সরকারি নথিপত্রের আলোকে বিষয়টি জনগণের কাছে পরিষ্কার হবে।

বার্তা প্রেরক,

21.07.26

রাজ্জাকুর ইসলাম (রাজ্জাক)

মাননীয় সংসদ সদস্য-এর রাজনৈতিক সহকারী

১৭ লালমনিরহাট-২

Flat No. 404, Budling No. 01, NAM Building, Manik Mia Avenue, Dhaka.

Email: na.mp.lalmonirht2@gmail.com

The notification further stated that the photo used in the news is not of the Aditmari Upazila Parishad inspection room but was taken at the MP's personal residence. It was claimed that the news was misleading as it used a photo of another place instead of the actual inspection room.

The press release also mentioned that the furniture used in the inspection room was supplied by a reputable company in the country and purchased following an approved estimate and administrative process.

It is also claimed that while the news alludes to serious allegations such as 'irregularities' and 'self-indulgence', no government investigation report, audit report, Anti-Corruption

Commission (ACC) investigation, or observations of relevant authorities have been presented in support of this.

The press release urged the media outlets concerned to verify government documents and information from relevant authorities before publishing news. It also requested them to publish necessary corrections to the published news.

The press release mentioned that MP Md. Rokon Uddin Babul urged the public to verify real information and government documents without being influenced by any kind of rumors or misleading information.